দৈনিক ইত্তেফাক

তারিখ 16 JAN 2017 পৃষ্ঠা ২৬ কলাম ৭

# হালুয়াঘাটে শিক্ষক নিয়োগ নিয়ে দুর্নীতির অভিযোগ

■ হালুয়াঘাট (ময়মনসিংহ) সংবাদদাতা

উপজেলার আমতৈল ইউনিয়নের বাহির শিমুল উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষক নিয়োগে দুর্নীতির অভিযোগ উঠেছে। এ নিয়ে এলাকায় তোলপাড় সৃষ্টি হয়েছে। চলতি মাসেই এ নিয়োগ চূড়ান্ত করা হবে বলে জানা গেছে।

অভিযোগ রয়েছে, সহকারী প্রধান শিক্ষক নিয়ে চলছে দর কষাকষি। ইতোমধ্যে ওই প্রতিষ্ঠানের দু'জন সহকারী প্রধান শিক্ষকের নিকট থেকে চুক্তিভিত্তিক নিয়োগেও টাকা হাতিয়ে নেওয়ার অভিযোগ রয়েছে।

**২০১৬ সালে ৮ জুন প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও দুর্নীতির অভিযোগ রয়েছে**

এদিকে ২০১৬ সালে ৮ জুন প্রধান শিক্ষক নিয়োগের ক্ষেত্রেও দুর্নীতির অভিযোগ রয়েছে। ওই সময়ে ১৮ জন প্রার্থী বাহির শিমুল উচ্চ বিদ্যালয়ে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণ করার কথা ছিল। কিন্তু টাকার বিনিময়ে প্রধান শিক্ষক নিয়োগের সংবাদ ছড়িয়ে পড়লে স্থানীয়রা নিয়োগ পরীক্ষা প্রতিহত করে। পরে ১৫ জুন ময়মনসিংহ জেলা স্কুলে প্রধান শিক্ষকের নিয়োগ পরীক্ষায় ১৮ জন প্রার্থীর মধ্যে ৩ জন উপস্থিত ছিলেন। তাদের মধ্যে একেএম আব্দুস সালাম চৌধুরীকে প্রধান শিক্ষক হিসেবে মনোনীত করা হয়। ১৬ জুন তিনি ওই প্রতিষ্ঠানে যোগদান করেন।

এ ব্যাপারে বিদ্যালয়ের প্রধান শিক্ষক আব্দুস সালাম চৌধুরী বলেন, 'বিধি মোতাবেক আমার নিয়োগ হয়েছে। আমি কোনো টাকা-পয়সার লেনদেন করিনি।'

বিদ্যালয় ম্যানেজিং কমিটির সভাপতি হাবিবুর রহমান হাবিব বলেন, তিনি রাজনীতি করেন। তার প্রতিপক্ষরা প্রধান শিক্ষক নিয়োগের বিষয়টি নিয়ে এলাকায় তার বিরুদ্ধে কুৎসা রটাচ্ছে। এ সব অভিযোগ বানোয়াট ও ভিত্তিহীন। বিধি মোতাবেক সহকারী প্রধান শিক্ষকও নিয়োগ দেওয়া হবে।